গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি
মন্ত্রণালয়
টেলিযোগাযোগ অধিদপ্তর
প্রশাসন-১ শাখা
৪২৩-৪২৮, তেজগাঁও শিল্প এলাকা,
ঢাকা-১২০৮।

DOT
ডিপার্টমেন্ট অফ
টেলিকমিউনিকেশন্স

নম্বর ১৪.৩০.০০০০.২১২.০৬.০০১.২০.৪০

তারিখ: ৫ ফাল্গুন ১৪৩০
১৮ ফেব্রুয়ারি ২০২৪

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: **টেলিযোগাযোগ অধিদপ্তরের ফেব্রুয়ারি/২০২৪ মাসের মাসিক সমন্বয় সভার নোটিশ**

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, টেলিযোগাযোগ অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে ফেব্রুয়ারি/২০২৪ মাসের সমন্বয় সভা আগামী ২৭/০২/২০২৪ খ্রি. তারিখ মঙ্গলবার সকাল ১১:০০ ঘটিকায় অধিদপ্তরের সম্মেলন কক্ষে (কক্ষ নম্বর ৪০৩) অনুষ্ঠিত হবে।

সভায় উপস্থাপনযোগ্য সুনির্দিষ্ট এজেন্ডা আগামী ২৫/০২/২০২৪ খ্রি. তারিখ বিকাল ০১:০০ ঘটিকার মধ্যে উপপরিচালক (প্রশাসন) এর ইমেইলে (dd.admin@telecomdept.gov.bd) প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উক্ত সভায় অধিদপ্তরের ৫ম ও তদুর্ধ্ব গ্রেডের কর্মকর্তাগণ (সংশ্লিষ্ট কর্মকর্তাসহ) অংশগ্রহণ করবেন।

সংযুক্তি : জানুয়ারি/২০২৪ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।



১৮-২-২০২৪

মোঃ মফিজ উদ্দিন
পরিচালক
ফোন: +৮৮০-২-৯৮৩০৪০০
ইমেইল:
dir.admin@telecomde

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) অতিরিক্ত মহাপরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর

২) পরিচালক (সকল), টেলিযোগাযোগ অধিদপ্তর

৩) উপ-পরিচালক (সকল), টেলিযোগাযোগ অধিদপ্তর

৪) উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), আইসিটি বাস্তবায়ন অধিশাখা, টেলিযোগাযোগ অধিদপ্তর (তথ্য বাতায়নে আপলোডের অনুরোধসহ)

৫) উপপরিচালক, ট্যারিফ অধিশাখা, টেলিযোগাযোগ অধিদপ্তর (ডিজি মহোদয়ের সদয় অবগতির জন্য)

৬) সহকারী পরিচালক, প্রশাসন-২ শাখা, টেলিযোগাযোগ অধিদপ্তর (সভায় আপ্যায়নের ব্যবস্থা গ্রহণের জন্য)

৭) অফিস কপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
টেলিযোগাযোগ অধিদপ্তর
প্রশাসন-১ শাখা

টেলিযোগাযোগ অধিদপ্তরে অনুষ্ঠিত জানুয়ারি/২০২৪ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ রফিকুল ইসলাম<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ২২ জানুয়ারি ২০২৪/ ৮ মাঘ ১৪৩০ |
| সভার সময় | সকাল ৯:৩০ ঘটিকা |
| স্থান | টেলিযোগাযোগ অধিদপ্তরের সভাকক্ষ (কক্ষ নং ৪০৩) |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক (স্বাক্ষরের ক্রমানুসারে) |

সভাপতি সভার শুরুতে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, মহান স্বাধীনতা যুদ্ধে বীর শহিদবৃন্দ, সকল বীর মুক্তিযোদ্ধা, ১৫ আগষ্টে জাতির পিতার সাথে শাহাদতবরণকারী শহিদবৃন্দসহ জাতীয় চারনেতার প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা এবং নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়-

**১) ডিসেম্বর/২০২৩ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী উপস্থাপন, পঠন ও দৃঢ়ীকরণ**

| ক্র. | বিষয় | আলোচ্য বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| ১ | ডিসেম্বর/২০২৩ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী উপস্থাপন, পঠন ও দৃঢ়ীকরণ | ২৪/১২/২০২৩ তারিখ রোজ রবিবার সকাল ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত ডিসেম্বর/২০২৩ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী ইনথিতে সংশ্লিষ্ট সকলের নিকট ইতোমধ্যে প্রেরণ করা হয়।<br><br>উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব না থাকলে কার্যবিবরণী দৃঢ়ীকরণ। | গত সমন্বয় সভার কার্যবিবরণীর কোন আপত্তি, সংশোধনী কিংবা সংযোজনী প্রস্তাব না থাকায় দৃঢ়ীকরণ করা যেতে পারে। | গত সমন্বয় সভার কার্যবিবরণীর উপর কোন আপত্তি, সংশোধনী কিংবা সংযোজনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হলো। |

**২) ডিসেম্বর/২০২৩ মাসের সমন্বয় সভায় গৃহিত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি**

| ক্র. | বিষয় | আলোচনা এবং গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|---|

| | | | | |
|---|---|---|---|---|
| ১ | পদোন্নতি সংক্রান্ত | সভায় পরিচালক (প্রশাসন) পিটিডিতে প্রেরিত নিম্নোক্ত পদোন্নতি প্রস্তাবের হালনাগাদ তথ্য উপস্থাপন করেন-<br>ক) শূন্য ৪টি জিএম (ইঞ্জি.) পদের বিপরীতে পদোন্নতির জন্য প্রস্তাব পিটিডিতে ০৯/১১/২০২৩ খ্রি. তারিখে প্রেরণ করা হয়েছে।<br>খ) শূন্য ৩০টি পরিচালক (ইঞ্জি.) পদের বিপরীতে পদোন্নতির জন্য প্রস্তাব পিটিডিতে ০৭/০৯/২০২৩ খ্রি. তারিখে প্রেরণ করা হয়েছে।<br>গ) উপপরিচালক (অর্থ) ১টি পদের জন্য পদোন্নতির প্রস্তাব পিটিডিতে ১৭/১০/২০২৩ খ্রি. তারিখে প্রেরণ করা হয়েছে।<br>ঘ) উর্দ্ধতন হিসাব রক্ষক এর ৩৩টি পদে পদোন্নতির জন্য প্রস্তাবনা পিটিডিতে ১৪/১২/২০২৩ খ্রি. তারিখে প্রেরণ করা হয়েছে।<br>ঙ) উপসহকারী প্রকৌশলী এর ১০৬টি পদে পদোন্নতির জন্য প্রস্তাবনা পিটিডিতে ০৯/০৭/২০২৩ খ্রি. তারিখে প্রেরণ করা হয়েছে।<br><br>কর্মচারীদের সার্ভিসবুক এবং এসিআর পরীক্ষার সময় কিছু ভুল-ভ্রান্তি থাকায় সেগুলি সংশোধনে প্রচুর সময় ব্যয় হয়, যার ফলে নির্ধারিত সময়ে পদোন্নতি প্রদানের প্রক্রিয়া সম্পন্ন করা সম্ভব হয় না। এছাড়া উপ-সহকারী প্রকৌশলী পদে পদোন্নতি কার্যকর না হওয়ায় টিসিটি পদগুলি শূন্য হচ্ছে না এবং এর বিপরীতে পদোন্নতি প্রদানের প্রক্রিয়া বিলম্বিত হচ্ছে। মহাপরিচালক সভায় নির্দেশনা প্রদান করেন যে, এসিআর প্রদানের সময় অনুবেদনকারী এবং প্রতিস্বাক্ষরকারী উভয়কেই পুংখানুপুংখরূপে তথ্যাদি যাচাই করে নিতে হবে। এছাড়া তিনি পদোন্নতি কার্যক্রম দ্রুততার সাথে সম্পন্ন করার জন্য তাগিদ প্রদান করেন। | ১। বিগত ১৫/০১/২০২৪ খ্রি. তারিখে লাইনম্যান (১৫টি), ওয়্যারম্যান (২৫টি) এবং প্রধান সহকারী (২৭টি) পদে পদোন্নতির জন্য ডিপিসি’র সভা হয়। ডিপিসি’র সভায় উপস্থাপিত কর্মচারীদের পদোন্নতির বিষয়ে সুপারিশ করা হয়।<br>২। আগামী ২৯/০১/২০২৪ খ্রি. তারিখে টিসিএম (৩৪০টি) পদের জন্য ডিপিসি’র সভা অনুষ্ঠিত হবে। | |

| | | | | |
|---|---|---|---|---|
| ২ | নির্বাচনকালীন নির্দেশনা | সভায় উপপরিচালক (প্রশাসন) পিটিডি'র নির্দেশানার পরিপ্রেক্ষিতে অধিদপ্তরের সার্বিক সেবা নির্বিঘ্ন রাখার জন্য প্রস্তুতকৃত খসড়া Standard Operating System (SOP) উপস্থাপন করেন (কপি সংযুক্ত)। এর পরিপ্রেক্ষিতে সভায় নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হয়-<br><br>১) ডিওটিতে আগত পেনশন সেবা গ্রহণকারীগণ যেনো সংশ্লিষ্ট শাখা ব্যতীত গুরুত্বপূর্ণ স্থাপনা যেমন-সিটিডিআর সেন্টার, জেনারেটর রুম, ব্যটারী রুম ইত্যাদিতে না প্রবেশ করেন সেটা খেয়াল রাখতে হবে। সিটিডিআর সেন্টারের গুরুত্ব নির্দেশনায় বিশেষভাবে স্থান পায়।<br><br>২) থানা, ফায়ার সার্ভিস ইত্যাদি গুরুত্বপূর্ণ নম্বরসমূহ সহজে নজরে পড়ে এমন জায়গায় ভালোভাবে লাগিয়ে দিতে হবে।<br><br>৩) সিটিডিআর সেন্টার এবং এর সংশ্লিষ্ট অন্যান্য যন্ত্রাংশসমূহ ভালোভাবে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে।<br><br>৪) অধিদপ্তরে আগত সেবাগ্রহণকারীদের প্রবেশের সময় রেজিষ্ট্রার খাতায় এন্ট্রি দিতে হবে। | নির্বাচনকালীন নির্দেশনা মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। | |
| ৩ | মামলা সংক্রান্ত | সভায় মহাপরিচালক মহোদয় নির্দেশনা প্রদান করেন যে, বিভাগীয় মামলার তথ্যাদি পিটিডিতে প্রেরণ করতে হবে। এক্ষেত্রে তথ্যসমূহ পরিচালক (ফ্রিকোয়েন্সি ব্যবস্থাপনা) অনুবিভাগ থেকে পরিচালক (প্রশাসন) অনুবিভাগ বরাবরে প্রেরণ করতে হবে। পরবর্তীতে প্রতিবেদন আকারে পিটিডিতে করার জন্য পরিচালক (প্রশাসন) ব্যবস্থা নিবেন। | সিদ্ধান্ত মোতাবেক বিভাগীয় মামলার তথ্যাদি পিটিডিতে প্রেরণ করা হয়েছে। | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ | প্রকল্প সংক্রান্ত | ১। সুবিধাবঞ্চিত সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষাব্যবস্থা ডিজিটালকরণ প্রকল্পের প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পটির মেয়াদ ৩১/১২/২০২৩ খ্রি. তারিখে শেষ হবে। সাইটগুলিতে এখনও ইন্টারনেট সংযোগ প্রদান করা হয়নি, তবে সবগুলি সাইটে সংযোগ কার্যক্রম বিটিসিএল-এর সম্পন্ন করার বিষয়ে পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। এছাড়া প্রকল্প সমাপ্তির পর তা প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের নিকট হস্তান্তরের ব্যবস্থা গ্রহণ করা হবে। তিনি আরও জানান যে, কনটেন্টসমূহ নবায়নের কাজটি টেলিফোন শিল্প সংস্থা কর্তৃক করা হচ্ছে।<br><br>২। সিটিডিআর ফেইজ-২ প্রকল্প হতে জানানো হয় যে, প্রকল্পের আওতায় ৫-জনের বৈদেশিক প্রশিক্ষণের বিষয়টি প্রক্রিয়াধীন আছে। এছাড়া ডলারের দরবৃদ্ধির কারণে বিদেশ থেকে আনা প্রকল্পের যন্ত্রপাতির বিপরীতে খোলা এলসি'র আংশিক পেমেন্ট বাকী রয়েছে।<br><br>৩। NAATRT প্রকল্পের প্রকল্প পরিচালক টিটিসি'র জমি ডিওটি'র অনুকূলে বরাদ্দ প্রদানের বিষয়টি উপস্থাপন করেন। ইতোপূর্বে বিটিসিএলের সাথে একটি MoU স্বাক্ষরের জন্য পত্র দেয়া হয়। সচিব মহোদয়কে অনুলিপি দিয়ে বিটিসিএলকে তাগিদপত্র প্রদানের বিষয়টি সভায় আলোচনা হয়। | ১। (ক) সাইটগুলোতে ইন্টারনেট সংযোগ প্রদান করা হয়েছে।<br><br>(খ) হস্তান্তরের প্রক্রিয়া সম্পন্ন হয়েছে।<br><br>২। (ক) ডিওটি'র আবেদনের পরিপ্রেক্ষিতে বৈদেশিক প্রশিক্ষণের বিষয়ে অর্থ বিভাগের সম্মতির জন্য পিটিডি হতে পত্র দেয়া হয়েছে। (খ) প্রথম পর্যায়ে ৩০% পেমেন্ট করা হয়েছে। পরবর্তীতে আরও ৫% পেমেন্ট সম্পন্ন করা হয়েছে।<br><br>৩। তেজগাঁওস্থ টিটিসি'র জমি ডিওটি'র অনুকূলে বরাদ্দ প্রদানের জন্য পিটিডি'তে পত্র দেয়া হয়েছে। | |

**৩) জানুয়ারি/২০২৪ মাসের আলোচ্যসূচির উপর আলোচনা ও সিদ্ধান্ত**

| ক্র. | বিষয় | আলোচ্য বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা এবং গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | ডিওটি কম্পাউন্ডের নিরাপত্তা | বিটিসিএল থেকে টিটিসি'র জমি টেলিযোগাযোগ অধিদপ্তরকে ব্যবহারের অনুমতি প্রদান করা হয়েছে। বর্তমানে এর নিরাপত্তা প্রদানের জন্য আনসার নিয়োগ সংক্রান্ত। | সভায় আলোচনা হয় যে, টেলিযোগাযোগ অধিদপ্তরের ২০২৩-২৪ অর্থ-বছরের বাজেটে ভাড়ার ভিত্তিতে নিরাপত্তা খাতে ২০ লক্ষ টাকা অন্তর্ভূক্ত আছে। অত্র কম্পাউন্ডের নিরাপত্তার জন্য প্রয়োজনীয় সংখ্যক আনসার সদস্য নিয়োজিত করা প্রয়োজন। এ বিষয়ে প্রশাসন অনুবিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | পরিচালক (প্রশাসন) |

| | | | | |
|---|---|---|---|---|
| ২ | বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | টেলিযোগাযোগ অধিদপ্তরের ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক ক্রয় পরিকল্পনা এর উপর আলোচনা। | পরিচালক (প্রশাসন) সভায় টেলিযোগাযোগ অধিদপ্তরের ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক ক্রয় পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন। প্রশাসন অনুবিভাগের আওতাধীন অধিকাংশ ক্রয়কার্য শুরু করা হয়েছে মর্মে জানা যায়। তবে ক্রয় পরিকল্পনার বড় অংশ সিটিডিআর সেন্টার সংশ্লিষ্ট, এবং এ খাতের ক্রয় প্রক্রিয়া এখনও শুরু করার বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।<br><br>সিটিডিআর সেন্টার রক্ষণাবেক্ষণ সংক্রান্ত চুক্তিটি চূড়ান্ত করার জন্য সভায় মহাপরিচালক তাগিদ প্রদান করেন। এছাড়া অধিদপ্তরের অডিটোরিয়ামে রক্ষিত খাজা টাওয়ারের আগুনে পুড়ে যাওয়া সিটিডিআর সেন্টারের যন্ত্রপাতি দ্রুততার সাথে মেরামত করত: অডিটোরিয়াম খালি করার জন্য মহাপরিচালক নির্দেশনা প্রদান করেন। সকল ক্রয়কার্য যথাসময়ে সম্পন্ন করার জন্য মহাপরিচালক নির্দেশনা প্রদান করেন। | ১। পরিচালক (সমন্বয়- পিএসটিএন ও গেটওয়ে)<br><br>২। পরিচালক (প্রশাসন) |
| ৩ | বাজেট বাস্তবায়ন | টেলিযোগাযোগ অধিদপ্তরের ২০২৩-২৪ অর্থবছরের বাজেট বাস্তবায়ন এর উপর আলোচনা। | সভায় পরিচালক (অর্থ) জানান যে, টেলিযোগাযোগ অধিদপ্তরের ২০২৩-২৪ অর্থবছরের সংশোধিত ৮৯ কোটি টাকার বাজেটের দ্বিতীয় কোয়ার্টারে বাস্তবায়ন হয়েছে প্রায় ৭৪ শতাংশ, তবে প্রথম ষান্মাসিকের হিসাবে তা প্রায় ৩০ শতাংশ। তিনি মে/২০২৪ মাসের মধ্যে এই অর্থবছরের ক্রয়কার্য সম্পন্ন করার বিষয়ে তাগিদ প্রদান করেন। বাজেট বাস্তবায়নের বিষয়ে তৎপর থাকার জন্য মহাপরিচালক মহোদয় নির্দেশনা প্রদান করেন। | ১। পরিচালক (সমন্বয়- পিএসটিএন ও গেটওয়ে)<br><br>২। পরিচালক (প্রশাসন) |
| ৪ | ডিসেম্বর/২০২৩ মাসের অধিদপ্তরের প্রদত্ত বিবিধ সেবা বিষয়ক প্রতিবেদন উপস্থাপন ও পর্যালোচনা | ক) পিআরএলগামী কর্মকর্তা- কর্মচারীগণের অধিদপ্তরে যোগদান ও পদস্থাপন এবং পিআরএল মঞ্জুরি<br>খ) আঠারো মাসের এককালীন থোক মঞ্জুরি<br>গ) জিপিএফ মঞ্জুরি<br>ঘ) পেনশন ও আনুতোষিক মঞ্জুরি<br>ঙ) কল্যাণ বিষয়ক আবেদন মঞ্জুরি<br>চ) পাসপোর্ট ও ছুটি বিষয়ক আবেদন মঞ্জুরী | ক) যোগদান ও পদস্থাপনের ৬৮টি, এবং পিআরএল মঞ্জুরির ৭০টি আবেদনের সবগুলিই নিষ্পত্তিকৃত।<br>খ) প্রাপ্ত মোট ৩৭টি আবেদনের মধ্যে ৫টি আবেদন প্রক্রিয়াধীন আছে।<br>গ) মোট ১৬৮টি জিপিএফ আবেদনের মধ্যে ১৫টি আবেদন সিস্টেমের ব্যালেন্স শীট, জিপিএফ স্লিপের সাথে নামের গড়মিল থাকায় প্রক্রিয়াধীন আছে।<br>ঘ) প্রাপ্ত মোট ৩৯টি পূর্ণাঙ্গ আবেদনের মধ্যে সিএএফও অফিসে প্রেরণ করা হয়েছে ৯টি। প্রক্রিয়াধীন আছে ৩০টি আবেদন।<br>ঙ) কল্যাণ শাখার সকল আবেদন যথাসময়ে নিষ্পত্তি করা হয়েছে।<br>চ) পাসপোর্টের অনাপত্তিপত্রের ৭টি আবেদনের মধ্যে ২টি আবেদন প্রক্রিয়াধীন আছে। এছাড়া অর্জিত ছুটি (বহি: বাংলাদেশ)-এর ৬টি আবেদনসহ ছুটি বিষয়ক সকল আবেদন যথাসময়ে নিষ্পত্তি করা হয়েছে। | সেবা মনিটরিং কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫ | বিবিধ | টেলিযোগাযোগ অধিদপ্তরের ডিসেম্বর/২০২৩ মাসের ই-ফাইল ও হার্ড ফাইলে নোট নিষ্পত্তিকরণ সংক্রান্ত। | সভায় উপপরিচালক (আইসিটি পরিকল্পনা) টেলিযোগাযোগ অধিদপ্তরের ডিসেম্বর/২০২৩ মাসের নিষ্পত্তিকৃত ই-ফাইল এবং হার্ড ফাইলের পরিসংখ্যান উপস্থাপন করেন। এতে জানা যায় যে, ডিসেম্বর/২০২৩ মাসে ই-নথিতে নিষ্পন্ন নোটের সংখ্যা ৫৮৪টি (এটুআই এর প্রতিবেদন অনুযায়ী), এবং হার্ড নথিতে নিষ্পন্ন নোটের সংখ্যা ৭৫টি (নথি রেজিস্ট্রার অনুযায়ী)। ফলে দেখা যায় ই-নথি সিস্টেমে ডিওটির অর্জন ৮৮.৬ শতাংশ। | |

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষণা করেন।

র. ইসলাম

মোঃ রফিকুল ইসলাম
মহাপরিচালক

স্মারক নম্বর: ১৪.৩০.০০০০.২১২.০৬.০০১.২০.২৫

তারিখ: ১৭ মাঘ ১৪৩০
৩১ জানুয়ারি ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

২) অতিরিক্ত মহাপরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর

৩) পরিচালক (সকল), টেলিযোগাযোগ অধিদপ্তর

৪) উপ-পরিচালক (সকল), টেলিযোগাযোগ অধিদপ্তর

৫) প্রকল্প পরিচালক, সাইবার থ্রেট ডিটেকশন এন্ড রেসপন্স (ফেইজ-২) প্রকল্প, টেলিযোগাযোগ অধিদপ্তর

৬) সহকারী পরিচালক, প্রশাসন-২ শাখা, টেলিযোগাযোগ অধিদপ্তর

৭) অফিস কপি

মোঃ মফিজ উদ্দিন
পরিচালক